বিশ্বকাপের প্রথম ম্যাচেই দক্ষিণ আফ্রিকাকে হারাল মেক্সিকো



সংগৃহীত ছবি

ঘরের মাঠে ২০২৬ বিশ্বকাপ অভিযান দারুণভাবে শুরু করেছে মেক্সিকো। এস্তাদিও আজটেকায় অনুষ্ঠিত ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে ২-০ গোলে হারিয়ে পূর্ণ তিন পয়েন্ট তুলে নিয়েছে স্বাগতিকরা।

শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকা মেক্সিকো ৯ মিনিটেই এগিয়ে যায়। দক্ষিণ আফ্রিকার রক্ষণভাগের ভুল কাজে লাগিয়ে হুলিয়ান কিনিয়োনেস গোল করে দলকে লিড এনে দেন। প্রথমার্ধে আরও কয়েকটি সুযোগ তৈরি হলেও ব্যবধান আর বাড়েনি।

দ্বিতীয়ার্ধে ম্যাচের মোড় ঘুরে যায় দক্ষিণ আফ্রিকার মিডফিল্ডার স্পেফেলো সিথোলে লাল কার্ড দেখলে। ১০ জনের দলে পরিণত হওয়ার পর চাপে পড়ে আফ্রিকান দলটি।

৬৮ মিনিটে রাউল জিমেনেজের গোলে ব্যবধান দ্বিগুণ করে মেক্সিকো। এরপর ম্যাচের শেষ দিকে উত্তেজনা চরমে পৌঁছায়। দক্ষিণ আফ্রিকার থেম্বা জোয়ানে এবং মেক্সিকোর সিজার মন্তেসও লাল কার্ড দেখেন।

ফলে ২ গোল ও ৩ লাল কার্ডে ভরা নাটকীয় ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে বিশ্বকাপের মিশন জয় দিয়ে শুরু করলো মেক্সিকো।